

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়  
সদর, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং : ৩৩.০১.৭০৬৬.০০০.১১.০০১.১৯-৪০৮


তারিখ : ৩১-০৭-২০১৯ খ্রীঃ

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগীতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার ১৪ টি ইউনিয়ন এবং ০১ টি পৌরসভার প্রতিটির জন্য ০১ (এক) জন করে সর্বমোট ১৫ (পনের) জন লাইভস্টক সার্ভিস প্রভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২০ আগস্ট, ২০১৯ খ্রীঃ তারিখের মধ্যে “প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা” এর বরাবর লিখিত দরখাস্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সহ জমাদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ প্রকল্প চলাকালীন প্রতিমাসে সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে ইনসেন্টিভ পাবেন।

আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা :

১. সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এসএসসি/সমমান হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/অথবা প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রশিক্ষিত এআই টেকনিশিয়ান ও এনএটিপি এর সিলদের আবেদন করার প্রয়োজন নেই।

  
(ডাঃ কবীর উদ্দীন আহমেদ)  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
সদর, চাঁপাইনবাবগঞ্জ।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :

১. উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
২. উপজেলা কৃষি অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি

১. নোটিশ বোর্ড।
২. অফিস নথি।